## সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

সময়—২ ঘণ্টা ১০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৬০

[**বিশেষ দ্রষ্টব্য :** দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দাও।]

১। ডেভিড মুলার কানাডার নাগরিক এবং একটি বিশ্ববিদ্যালয়ের অনার্স ফাইনাল ইয়ারের ছাত্র। তাকে একটি কলোনিতে পাঠানো হলো সেখানকার অধিবাসীদের নৃগোষ্ঠীগত পরিচয় সম্পর্কে গবেষণা করার জন্য। সে গবেষণা শেষে রিপোর্টে উল্লেখ করল, কলোনিতে এমন কোনো মানবজীবাশ্ম পাওয়া যায় নি যার দ্বারা এখানকার বর্তমান জনগোষ্ঠীর পূর্বপুরুষদের পরিচয় সুস্পষ্টভাবে উল্লেখ করা যায়। তবে এদের মধ্যে কমবেশি যে বিষয়টি লক্ষ করা যায় তা হলো বর্ণ পীত। গোলমাথা, ক্ষুদ্রাকৃতির চোখ, চোয়ালের হাড় উঁচু।

ক. বাঙালির ইতিহাস পুস্তকটি কে রচনা করেন? ১
খ. নিগ্রো বা কৃষ্ণকায় নৃগোষ্ঠী বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের যে নৃগোষ্ঠীর প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. তুমি কি মনে কর, কলোনির জনগোষ্ঠীতে বিভিন্ন জনগোষ্ঠীর প্রভাব থাকাই স্বাভাবিক? পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। ইতালিতে বসবাস করে বাংলাদেশী যুবক সাঈদ। সে তার বাসার পাশের রেলস্টেশনের মাত্র তিন মাইল পশ্চিমে দেখতে পায় একটি ঐতিহাসিক ধ্বংসাবশেষ। ৮ম শতাব্দীতে এক রাজা তার পিতৃভূমিতে এক বিশাল ও সুউচ্চ মন্দির স্থাপনের লক্ষ্যে এখানে একটি বিহার নির্মাণ করেন বলে ধারণা করা হয়। সাঈদ বিভিন্ন মাধ্যমে জানতে পারে এ ঐতিহাসিক স্থানটি ১৩ শ শতাব্দী পর্যন্ত স্থায়ী ছিল।

ক. মহাস্থানগড় কোনো জেলায় অবস্থিত? ১
খ. পাহাড়পুরের উদ্ধারকৃত মুদ্রার ব্যাখ্যা দাও। ২
গ. সাঈদের দেখা স্থানটির সাথে মিল রয়েছে বাংলাদেশের ঐতিহাসিক এমন একটি স্থানের অবস্থানকাল ও সময়ের ব্যাখ্যা দাও। ৩
ঘ. তুমি কি মনে কর, অনুরূপ একটি ধ্বংসাবশেষের সাথে সোমপুর বিহারের সম্পর্ক বিদ্যমান? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। ফারুক সরদার তার বাড়িতে গরু, মহিষ, হাঁস-মুরগি ইত্যাদি পশুপালন করেন। তিনি বিদেশের সাথে ব্যবসায় বাণিজ্য পরিচালনা করেন। ফারুক সরদার একজন চিত্রশিল্পীও বটে। তিনি হাতির দাঁত দিয়ে বিভিন্ন সামগ্রী এবং স্বর্ণ, তামা, রৌপ্য ও ঝিনুকের অলঙ্কারও তৈরি করতে পারেন।

ক. গ্রেট বাথের নিকট কত ফুট আয়তনের শস্যাগার ছিল? ১
খ. হরপ্পা ও মহেঞ্জোদারোর ঘরবাড়ির বর্ণনা দাও। ২
গ. ফারুক সরদার-এর সাথে সিন্ধু সভ্যতার অর্থনৈতিক জীবনের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে ফারুক সরকারের কর্ম দ্বারা সিন্ধু সভ্যতার দুটি বিষয় ফুটে উঠেছে"— বিশ্লেষণ কর। ৪

৪। পুরনো ঢাকার প্যারীদাস রোডের হুমায়ুন সাহেবের তিন পুত্র। এদের মধ্যে শাওন কয়েকটি বড় শিল্পকারখানার মালিক। রায়হান একজন বড় ডাক্তার আর তৃতীয় পুত্র রনি একজন সাংবাদিক। তারা সবাই নিজ নিজ অবস্থানে অত্যন্ত সুনামের সাথে জীবিকা নির্বাহ করছেন। প্যারীদাস রোডের মানুষ বিভিন্ন বিষয়ে তাদের পরামর্শ গ্রহণ করে থাকেন।

ক. ইউনিয়ন কাউন্সিলের পূর্ববর্তী নাম কী ছিল? ১
খ. "ইউনিয়ন বোর্ড, ইউনিয়ন কাউন্সিল, ইউনিয়ন পরিষদ" একই প্রতিষ্ঠান বুঝিয়ে বল। ২
গ. শাওন, রায়হান ও রনির অবস্থান সামাজিক স্তরবিন্যাসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের ব্যক্তিত্বয় ছাড়াও নগর সমাজে অন্যান্য শ্রেণির লোক বাস করে। উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫। সাখাওয়াত সাহেব ব্যাংক কর্মকর্তা। তিনি একটি গ্রুপ অব কোম্পানির উৎপাদন ব্যবস্থা পরিদর্শন করতে গিয়ে লক্ষ করলেন, তাদের কাছে তেমন কোনো আধুনিক যন্ত্রপাতি নেই। তারা যে প্রক্রিয়ায় পণ্য উৎপাদন করছে তা দেখে মনে হয়, এ কোম্পানি বর্তমান অন্য কোম্পানিগুলোর সাথে টিকে থাকতে পারবে না। কারণ অন্য কোম্পানিগুলো অত্যন্ত নিখুঁতভাবে শ্রমিক ও সময় কম ব্যবহার করে মেশিনপত্রের সাহায্যে অধিক পণ্য উৎপাদন করছে। আর এ কোম্পানি হস্তচালিত যন্ত্র দিয়ে অত্যন্ত ধীরগতিতে উৎপাদন কার্য পরিচালনা করছে। তারা তাদের উৎপাদন পদ্ধতি পরিবর্তন না করলে ক্ষতির সম্মুখীন হয়ে একসময় হারিয়ে যাবে।

ক. কোন অর্থনীতি প্রকৃতির ওপর অনেকটাই নির্ভরশীল? ১
খ. "নগরায়ণের ফলে গোলযোগ ও সংঘাতজনিত সমস্যা" কথাটি বুঝিয়ে বল। ২
গ. পাঠ্যপুস্তকের আলোকে উদ্দীপকের সাথে শিল্পায়নের সম্পর্ক ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, সাখাওয়াত সাহেব শিল্পায়নের সুফলের ইঙ্গিত দিয়েছেন? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬। গত ২৫ এপ্রিলের একটি জাতীয় দৈনিক পত্রিকায় বাংলাদেশের একটি সম্প্রদায়ের জনসংখ্যার বিবরণ তুলে ধরা হয়েছিল। পত্রিকাটিতে উল্লেখ করা হয় এ সম্প্রদায়ের প্রায় ২,৩৭,৮০০ জন লোক বাস করে ভারতের একটি পাহাড়ি এলাকায়। বাংলাদেশে এর জনসংখ্যা ৮০,০০০ মতো ময়মনসিংহ ও টাঙ্গাইলে বাস করে ৫০,০০০ হাজারের মতো। তবে এদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. বাংলাদেশের কোনো সম্প্রদায়ের পুরুষের মুখে দাড়ি কম? ১
খ. 'আদাম বা পাড়া' কথাটি বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকে সম্প্রদায়ের মতো বাংলাদেশের একটি উপজাতির নৃগোষ্ঠীগত পরিচয় দাও। ৩
ঘ. তুমি কি মনে কর, উদ্দীপকের সম্প্রদায়ের সমাজব্যবস্থা মাতৃসূত্রীয়? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭। তামিম সিরাজী একদিন 'সাপ্তাহিক অর্থনীতি' ম্যাগাজিনটি পড়ে জানতে পারে প্রতিনিয়ত একটি দেশের পণ্য উৎপাদন পদ্ধতি পরিবর্তন হচ্ছে। এর মূল কারণ হিসেবে ম্যাগাজিনটিতে উল্লেখ করা হয়েছে মানুষ আধুনিক প্রযুক্তি ব্যবহার করে কৃষি অথবা অন্য যেকোনো শিল্পকারখানা উৎপাদন বাড়িয়েছে। এর মাধ্যমে মানুষের প্রচেষ্টাকে কাজে লাগিয়ে উত্তরোত্তর উৎপাদন প্রক্রিয়ায় যোগ করছে নতুন নতুন পদ্ধতি। তবে যতই দিন যাচ্ছে ততই উৎপাদন প্রক্রিয়ার সকল স্তরে একটি সম্পর্কের আবহ তৈরি হচ্ছে। এ সম্পর্কের কারণে উৎপাদন যন্ত্র পরিচালিত হয়।

ক. কোন বস্তুর ওপর মানুষ তার শ্রমশক্তি প্রয়োগ করে? ১
খ. সামন্ত সমাজের উদ্ভবের ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের যে ধারণার প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বলা যায়, উৎপাদন যন্ত্রের সকল স্তরের সদস্যদের মধ্যে রয়েছে একটি সম্পর্ক— বিশ্লেষণ কর। ৪

৮। জনাব সাখাওয়াত সাহেব একজন ব্যাংক কর্মকর্তা। তিনি শুধু নিজের সুখ আর বিলাসিতার চিন্তা করেন না। তিনি বাংলাদেশের অসহায় মানুষ যারা দুবেলা খেতে পারে না, যাদের পরিধানের বস্ত্র নেই, মাথা গোঁজানোর ঘর নেই, অসুস্থ হলে চিকিৎসা নিতে পারে না তাদের জন্যও কিছু করার চিন্তা করেন। তিনি মনে করেন যুগে যুগে বিদেশি শাসন তার দেশের মানুষের এহেন অবস্থার জন্য দায়ী। তারা এদেশকে শাসন ও শোষণ করেছে কিন্তু উন্নয়নমূলক কাজ তেমন একটা করে নি।

ক. Illiteracy শব্দের অর্থ কী? ১
খ. সামাজিক মূল্যবোধের অবক্ষয় বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সাখাওয়াত সাহেব বাংলাদেশের মানুষের দরিদ্রতার যে কারণটি উল্লেখ করেছেন তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. জনাব সাখাওয়াত হোসেনের উল্লিখিত কারণ ছাড়াও অনুন্নত কৃষি বাংলাদেশের অন্যতম সমস্যা— বিশ্লেষণ কর। ৪

৯। কমলের দাদা বাংলাদেশের স্বাধীনতাপূর্ব একটি গ্রামীণ কৃষি ও শিল্প উন্নয়ন কর্মসূচিতে কাজ করেছিলেন। ঐ কর্মসূচি পরিচালিত হতো আমেরিকা যুক্তরাষ্ট্রসহ কিছু আন্তর্জাতিক সাহায্যদাতা সংস্থার কারিগরি ও আর্থিক সহায়তায়। সরকারি প্রশাসনে জনকল্যাণমূলক মনোভাব সৃষ্টি করা ছিল এ কর্মসূচির অন্যতম উদ্দেশ্য।

ক. বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৮০ সালে প্রথমে কোথায় পল্লি উন্নয়ন কার্যক্রম শুরু করেন? ১
খ. স্বনির্ভর আন্দোলন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. কমলের দাদা যে কর্মসূচিতে কাজ করত পাঠ্যপুস্তকের অনুরূপ একটি কর্মসূচির ব্যাখ্যা দাও। ৩
ঘ. তুমি কি মনে কর কমলের দাদার কর্মসূচি বাংলাদেশের উন্নয়নে সহায়ক ছিল? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

# সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৪০ মিনিট পূর্ণমান—৪০

**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হইতে সর্বোৎকৃষ্ট/সঠিক উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।

**১. একই দৈহিক আকৃতি ও বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিবর্গকে কী বলা হয়?**
(ক) জাতি (খ) শ্রেণি (গ) নৃগোষ্ঠী (ঘ) বর্ণ

**২. সাহারা মরুভূমির দক্ষিণে বাস করে—**
(ক) ককেশীয় নৃগোষ্ঠী (খ) শ্বেতকায় নৃগোষ্ঠী
(গ) মঙ্গোলীয় নৃগোষ্ঠী (ঘ) কৃষ্ণকায় নৃগোষ্ঠী

**৩. কাদেরকে 'পিগমী' বলা হয়?**
(ক) ক্ষুদ্রকায় ককেশীয়দের
(খ) ক্ষুদ্রকায় নিগ্রোদের
(গ) বৃহদাকার ককেশীয়দের
(ঘ) বৃহদাকার নিগ্রোদের

**৪. "সংকরণ সমাজ ও সভ্যতাকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে।" কার অভিমত?**
(ক) লাপোজ (খ) গোবিনো
(গ) অটো অমোন (ঘ) কিংসলে ডেভিস

**৫. E. B. Tylor কোন দেশের নৃবিজ্ঞানী?**
(ক) জার্মান (খ) ব্রিটিশ
(গ) আমেরিকান (ঘ) ফরাসি

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**

মাসুদ রানা ভ্রমণের উদ্দেশ্যে আফ্রিকার মেলানেশীয়ায় গমন করেন। সেখানে তিনি ভিন্ন প্রকৃতির লোকের সন্ধান পায়। যাদের চুল কোঁকড়ানো, চামড়ার রং কৃষ্ণবর্ণের এবং দেহের গঠন শক্ত ও বলিষ্ঠ।

**৬. মাসুদ রানার দেখা ভিন্ন প্রকৃতির লোকেরা কোন নৃগোষ্ঠীর?**
(ক) অস্ট্রালয়েড (খ) মঙ্গোলীয়
(গ) কৃষ্ণকায় (ঘ) শ্বেতকায়

**৭. উক্ত নৃগোষ্ঠীর লোকদের—**
i. চোখের রং নীল
ii. নাক বোঁচা
iii. ঠোঁট মোটা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**৮. কোন যুগকে মানব ইতিহাসের দীর্ঘতম যুগ বলা হয়?**
(ক) প্রাচীন প্রস্তর যুগ (খ) নব্য প্রস্তর যুগ
(গ) তাম্রযুগ (ঘ) ব্রোঞ্জযুগ

**৯. নব্যপ্রস্তর যুগকে নবপলীয় বিপ্লব হিসেবে আখ্যা দেওয়া হয় কেন?**
(ক) কৃষিক্ষেত্রে সাফল্যের জন্য
(খ) অকৃষিক্ষেত্রে সাফল্যের জন্য
(গ) বস্ত্রক্ষেত্রে সাফল্যের জন্য
(ঘ) আর্থসামাজিক ও সাংস্কৃতিক সাফল্যের জন্য

**১০. কোন যুগে মানুষ জমির মাপজোখ করতে শেখে?**
(ক) লৌহযুগ (খ) প্রস্তর যুগ
(গ) তাম্রযুগ (ঘ) ব্রোঞ্জযুগ

**১১. ব্রোঞ্জ যুগের সূচনা ঘটে—**
(ক) লৌহযুগের পর (খ) তাম্রযুগের পর
(গ) নব্যপ্রস্তর যুগের পর (ঘ) প্রস্তর যুগের পর

**১২. ব্রোঞ্জ যুগের সাংস্কৃতিক সাফল্য হলো—**
i. ব্যবসায় বাণিজ্য আন্তর্জাতিক রূপ পরিগ্রহ
ii. চাকা আবিষ্কার
iii. লেখা আবিষ্কার
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৩. চাকা (Wheel) আবিষ্কার হয় কোন যুগে?**
(ক) নব্যপ্রস্তর যুগে (খ) তাম্র যুগে
(গ) ব্রোঞ্জ যুগে (ঘ) লৌহ যুগে

**১৪. 'জাভা' মানব কোথায় দেখা যেত?**
(ক) জার্মানিতে (খ) ইন্দোনেশিয়ায়
(গ) মিসরে (ঘ) শ্রীলঙ্কায়

**১৫. বিখ্যাত পুন্ড্রনগর কোথায় অবস্থিত?**
(ক) মহাস্থানগড় (খ) ময়নামতি
(গ) পাহাড়পুর (ঘ) লালমাই

**১৬. রাজা মানিকচন্দ্রের স্ত্রীর নাম কী?**
(ক) পরি বিবি (খ) ময়না
(গ) ময়নামতি (ঘ) হারামতি

**১৭. ময়নামতির আবিষ্কৃত বৌদ্ধ ধ্বংসস্তূপগুলোর মধ্যে সর্ববৃহৎ কোনটি?**
(ক) শালবন বিহার (খ) আনন্দ বিহার
(গ) কোটিলা মুড়া (ঘ) স্বপ্নচূড়া

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**

মিজান শীতকালীন ছুটিতে বাংলাদেশের একটি প্রত্নতাত্ত্বিক নিদর্শন ভ্রমণ করতে যায়। সেখানে ১১৫টি কক্ষের ধ্বংসাবশেষ রয়েছে। একটি গ্রামের নামানুসারে এ প্রত্নতত্ত্বটির নামকরণ করা হয়।

**১৮. মিজান কোন প্রত্নতাত্ত্বিক নিদর্শনটি ভ্রমণ করে?**
(ক) সোমপুর বিহার (খ) শালবন বিহার
(গ) আনন্দ বিহার (ঘ) মহাস্থানগড়

**১৯. মিজানের ভ্রমণকৃত নিদর্শনটি সম্পর্কে সঠিক বাক্য হলো—**
i. কুমিল্লা শহর থেকে ৬ মাইল পশ্চিমে অবস্থিত
ii. ৭৭ ফুট প্রশস্ত প্রবেশ পথ রয়েছে
iii. ৭০ ফুট প্রশস্ত প্রবেশ পথ রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২০. পাহাড়পুরের ধ্বংসাবশেষ দেখে কী মনে হয়?**
(ক) সমাজে ধর্মের কোনো প্রভাব ছিল না
(খ) সমাজের সাধারণ মানুষ বেশ সৌখিন ছিল
(গ) সমাজে ধর্মের বেশ প্রভাব ছিল
(ঘ) সমাজে কোনো নিয়মশৃঙ্খলা ছিল না

**২১. 'কিতাবুল হিন্দ' গ্রন্থের রচয়িতা—**
(ক) আল বেরুনী (খ) আবুল ফজল
(গ) ইবনে বতুতা (ঘ) হিউয়েন সাঙ

**২২. সিন্ধু সভ্যতার লীলাভূমি কোথায়?**
(ক) পাকিস্তানের লারকানা জেলা
(খ) পাকিস্তানের সিন্ধু রাজ্য
(গ) পাকিস্তানের লাহোর
(ঘ) পাকিস্তানের মুলতান জেলা

**২৩. সিন্ধু সভ্যতার জীবনী শক্তি কী ছিল?**
(ক) শিল্প অর্থনীতি (খ) কৃষি অর্থনীতি
(গ) ব্যবসা (ঘ) পশু শিকার

**২৪. সিন্ধু সভ্যতায় নগরের অন্যতম আকর্ষণীয় বস্তু কোনটি?**
(ক) গ্রেট ওয়াল (খ) গ্রেট বাথ
(গ) গ্রেট হোম (ঘ) গ্রেট হাউজ

**২৫. আর্যরা মনে করত—**
i. দ্রাবিড়রা অমার্জিত
ii. দ্রাবিড়রা অনমনীয়
iii. দ্রাবিড়দের ভাষা কর্কশ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**২৬. সিন্ধু সভ্যতার সরকার কীভাবে অর্থ সংগ্রহ করত?**
(ক) বৈদেশিক সাহায্যের মাধ্যমে
(খ) নিজস্ব বলয়ে ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করে
(গ) প্রজাদের কাছ থেকে খাজনা আদায় করে
(ঘ) প্রজাদের নিপীড়ন করে

**২৭. বাংলাদেশের নাগরিক সুবিধা হ্রাসের প্রধান কারণ কোনটি?**
(ক) সম্পদের অভাব (খ) শিক্ষার অভাব
(গ) অব্যবস্থাপনা (ঘ) জনসংখ্যা বৃদ্ধি

**২৮. অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মূল চালিকা শক্তি কোনটি?**
(ক) নগর সমাজ (খ) কৃষিভিত্তিক সমাজ
(গ) গ্রাম্য সমাজ (ঘ) উপরের সবগুলো

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**

হাসেম সাহেব গ্রামের প্রভাবশালী কৃষক। তার রয়েছে প্রায় ৪০ বিঘা আবাদি জমি। তিনি কিছু জমি নিজে চাষ করেন এবং কিছু বর্গা দেন। তার তিন জন ছেলেমেয়েই উচ্চ শিক্ষায় শিক্ষিত। তারা স্থানীয় কলেজে শিক্ষকতা করেন।

**২৯. গ্রামীণ অর্থনীতির চালিকা শক্তি কী?**
(ক) ব্যবসায় (খ) জমি
(গ) চাকরি (ঘ) ক্ষুদ্র শিল্প

**৩০. গ্রামীণ অর্থনীতিতে পরিলক্ষিত হয়—**
i. কৃষক শ্রেণি, ক্ষুদ্র ব্যবসায়ী
ii. ক্ষুদ্র শিল্প উদ্যোক্তা
iii. স্কুল, কলেজ, মাদ্রাসা ও অফিস আদালতে ছোট ও মাঝারি মানের চাকরিজীবী
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩১. বাংলাদেশে সম্পত্তির উত্তরাধিকার আইন কিসের ভিত্তিতে প্রণীত?**
(ক) সমতা (খ) সামাজিক রীতি
(গ) ধর্মের (ঘ) উইল

**৩২. Heterogeneity অর্থ কী?**
(ক) অসমজাতীয়তা (খ) সমজাতীয়তা
(গ) জীবনপ্রণালি (ঘ) বৈসাদৃশ্যতা

**৩৩. কৃষি উৎপাদন ব্যয় বৃদ্ধির কারণ—**
i. দিনমজুরের স্বল্পতা
ii. কৃষিপণ্যের অপ্রতুলতা
iii. কৃষিমজুরের বেতন বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i, ii ও iii (ঘ) i ও iii

**৩৪. পরিবারের মূলভিত্তি কোনটি?**
(ক) বিশ্বাস (খ) টাকাপয়সা
(গ) রক্তের সম্বন্ধ (ঘ) নিয়মকানুন

**৩৫. গ্রামীণ পরিবারের চেয়ে শহুরের পরিবারগুলোকে অনেকটা সংস্কারমুক্ত বলার কারণ—**
i. বিভিন্ন দেশ ও সভ্যতার সাথে সরাসরি যোগাযোগ ঘটার কারণে
ii. বিজ্ঞানচর্চার কারণে
iii. বৈজ্ঞানিক গবেষণার ফলে ধর্ম সম্পর্কিত চিন্তাভাবনা এবং দৃষ্টিভঙ্গির পরিবর্তনের কারণে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩৬. কী আমাদের ব্যক্তিজীবনের জন্য গুরুত্বপূর্ণ?**
(ক) খেলাধুলার শিক্ষা (খ) পড়ালেখার শিক্ষা
(গ) ব্যবসায় শিক্ষা (ঘ) সামাজিক শিক্ষা

**৩৭. বিশ্ব পরিবার দিবস পালন করা হয় কেন?**
(ক) পাশ্চাত্য পরিবার জীবনে ঐক্য ও ফাটল দেখায় যে সামাজিক শূন্যতা হয়েছে সেটিকে রুখবার জন্যই
(খ) পাশ্চাত্য পরিবার জীবনে ঐক্য বৃদ্ধি পাওয়ায় বিশ্ববাসীকে বোঝানোর জন্য
(গ) পাশ্চাত্য পরিবার জীবনে সামাজিক শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য
(ঘ) অধিক সন্তানসন্ততি জন্ম না দেওয়ার জন্য

**৩৮. কিসের মাধ্যমে বিবাহের সামাজিক ও ব্যক্তিগত মূল্য সূচিত হয়?**
(ক) যৌতুকের মাধ্যমে
(খ) বিবাহ উৎসবের মাধ্যমে
(গ) পাত্রপাত্রী দেখার মাধ্যমে
(ঘ) পিতামাতার সম্মতির মাধ্যমে

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩৯ ও ৪০নং প্রশ্নের উত্তর দাও :**

নজরুলের বাবা পুত্রদের শহরে বাড়ি বানানোর পক্ষে কখনও মত দেন না। তার কারণ তিনি মনে করেন, গ্রামে সবাই একত্রে বসবাস করবে। বিশাল একটি হাঁড়িতে রান্না হবে। পুত্রবধূ, নাতি-নাতনিসহ আনন্দে জীবনের বাকি সময় কাটাবে।

**৩৯. নজরুলের বাবা কোন ধরনের পরিবারে বসবাস করতে চায়?**
(ক) একক পরিবার (খ) যৌথ পরিবার
(গ) একপতি পরিবার (ঘ) বহুপতি পরিবার

**৪০. উক্ত পরিবার ভাঙ্গনের কারণ—**
i. শিক্ষা সচেতনতা
ii. ব্যক্তি স্বাতন্ত্র্যবাদী দৃষ্টিভঙ্গি
iii. শ্রম বিভাজন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | ক | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | ঘ |

http://teachingbd.com